

শিক্ষার্থীদের টিউশন
ফি জমার প্রক্রিয়া
সহজ করল
বাংলাদেশ ব্যাংক

স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয় সম্পর্কিত
বিবিধ আর্থিক সেবা ঝামেলামুক্ত ও
সহজ করার জন্য ব্যাংকগুলোকে
প্রযুক্তিনির্ভর এবং শিক্ষার্থী ও
অভিভাবকদের চাহিদামাফিক সেবা
প্রদানের উদ্যোগ গ্রহণের জন্য এই
নির্দেশনা দেয়া যাচ্ছে।

অর্থনৈতিক রিপোর্টার। ব্যাংকের
মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানের
শিক্ষার্থীদের টিউশন ফি ও অন্যান্য
চার্জ গ্রহণের প্রক্রিয়া সহজ করে
সার্কুলার জারি করেছে বাংলাদেশ
ব্যাংক। এখন থেকে শিক্ষার্থীরা
অনলাইন ব্যাংকিং, মোবাইল
ফাইন্যান্সিয়াল সার্ভিসেস,
কার্ডবেল্ড পেমেন্ট সিস্টেমস ও
স্ট্যাভিং ইনস্ট্রাকশন্স পদ্ধতির
মাধ্যমে তাদের টিউশন ফি জমা
দিতে পারবেন। প্রত্যেক ব্যাংকে এ
ধরনের এক বা একাধিক পদ্ধতি চালু
করার কথা বলেছে বাংলাদেশ
ব্যাংক। একই সঙ্গে শিক্ষার্থীদের
উপস্থিতির টাকা তাদের ব্যাংক
হিসাবের মাধ্যমে প্রদান করার
ব্যবস্থা গ্রহণের কথাও বলা হয়েছে।
সেমবার বাংলাদেশ ব্যাংকের
ফাইন্যান্সিয়াল ইনক্লুশন বিভাগ
থেকে এ সংক্রান্ত সার্কুলার জারি করা
হয়। প্রাথমিকভাবে এসব সেবা
জেলা শহরে অবস্থিত শিক্ষা
প্রতিষ্ঠানগুলোতে চালুর কথা বলা
হয়েছে। তবে পর্যায়ক্রমে তা
উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে
সম্প্রসারণ করতে হবে।
সার্কুলারে বলা হয়, বাণিজ্যিক
ব্যাংকগুলো অনেক ক্ষেত্রে বিভিন্ন
শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের
টিউশন ফিসহ অন্যান্য ফি সংগ্রহ
এবং শিক্ষা প্রতিষ্ঠানের বিভিন্ন
আর্থিক লেনদেন ব্যবস্থাপনা করে
পাকে। আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমকে
গতিশীল ও এর পরিধি বিস্তৃতকরণ
এবং শিক্ষার্থী/অভিভাবকদের জন্য